

ডেঙ্গু প্রতিরোধের শ্লোগান



“তিন দিনে এক দিন জমা পানি ফেলে দিন।”

মাননীয় মেয়র মো: আতিকুল ইসলাম, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ডেঙ্গু প্রতিরোধ বিশেষক এক আলোচনা সভার আয়োজন করেন। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষা মন্ত্রী ডা: দিপু মনি। ডেঙ্গু প্রতিরোধের করণীয় সম্পর্কে সকলকে সচেতন করার লক্ষ্যে কার্যক্রম শুরু করেন। সেই আলোকে ঢাকা ফ্রেডিট ইউনিয়ন স্কুলের সম্মানিত প্রধান শিক্ষক আনন্দ চৌধুরী ছাত্রছাত্রীদের নিয়ে একটি আলোচনা সভা করেন। সেই সভায় ডেঙ্গু প্রতিরোধে ছাত্রছাত্রীদের করণীয় সম্পর্কে তুলে ধরেন। তিনি বলেন...



১। বাড়ির আশেপাশে জমে থাকা পানি ৩ দিন পরপর ফেলে দিবে।

২। ফুলের টব, মাটির পাত্র, ডাবের খোসা, নারিকেরের মালা ইত্যাদিতে জমে থাকা পানিতে এডিশ মশা ডিম পাড়ে। এসব জিনিস বাড়ি থেকে সরিয়ে ফেলবে।



৩। ছাদ বাগানের টবে যেন পানি জমতে না পারে তা নিশ্চিত করা।

৪। দিনে বা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করবে।

৫। এডিশ মশা শরীরের খোলা জায়গায় কামড়ায় তাই শরীর ঢাকা থাকে এমন পোশাক পরিধান করতে হবে।

৬। প্রয়োজনে শরীরের অনাবৃত স্থানে মশা নিরোধক ক্রীম/লোশন ব্যবহার করতে হবে।